অতিব জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mos.gov.bd

নং ১৮.০১১.০১১.০০.০০.০০৬.২০১১-২০৭০ তারিখ: ১৬.১০.২০১৬ খ্রিঃ

**বিষয়: শূন্য পদের তালিকা প্রেরণ।**

সূত্র: (১) পিএসসি'র ডিও পত্র নং ৮০.০০১.০১৮.০১.০০.০০১.২০১৬-৪৮, তারিখ: ৩০.০৮.২০১৬ খ্রিঃ।
(২) জনপ্রশাসন মন্ত্রণালয়ের পত্র নং ০৫.০০.০০০০.১৪৭.০০.০০৭.১৪-২১৬, তারিখ: ২৫.০৯.২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রাপ্ত পত্রের ছায়ালিপি (সংযুক্তিসহ) প্রেরণ করা হলো। জনপ্রশাসন মন্ত্রণালয়ের যাচিত মতে দপ্তর/অধিদপ্তরের প্রথম এবং দ্বিতীয় শ্রেণির শূন্য পদের সংখ্যা এবং নিয়োগবিধি **আগামী ০৩ দিনের মধ্যে প্রেরণের** জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

১৬.১০.১৬

(এস এম শফিক)
সিনিয়র সহকারী সচিব(প্রশা-১)
ফোন: ৯৫১৫৫৫১
sas.admin1@mos.gov.bd

বিতরণ:

১। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
২। কমান্ড্যান্ট, মেরিন একাডেমী, চট্টগ্রাম।
৩। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইনস্টিটিউট, চট্টগ্রাম।

অনুলিপি:

সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
[দৃষ্টি আকর্ষণ: বেগম শাহানারা খাতুন
উপসচিব (নবনিয়োগ অধিশাখা)]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
নবনিয়োগ অধিশাখা
www.mopa.gov.bd

**অতীব জরুরি**

স্মারক নং-০৫.০০.০০০০.১৪৭.০০.০০৭.১৪-২১৬

১০ আশ্বিন ১৪২৩ বঃ
তারিখ:
২৫ সেপ্টেম্বর ২০১৬ খ্রিঃ

**বিষয়: শূন্য পদের চাহিদা প্রেরণ।**

সূত্র: সরকারী কর্ম কমিশনের ৩০/০৮/২০১৬ তারিখের ৮০.০০১.০১৮.০১.০০.০০১.২০১৬.৪৮ নং পত্র

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নন-ক্যাডার পদে নিয়োগ (বিশেষ) বিধিমালায় ক্যাডার পদে সুপারিশ পাননি এরকম প্রার্থীদের মধ্য থেকে প্রথম শ্রেণীর এবং দ্বিতীয় শ্রেণীর শিক্ষক, প্রশিক্ষক এবং অন্যান্য কর্মকর্তার শূন্য পদের সংখ্যা এবং নিয়োগবিধি প্রেরণ করার জন্য সরকারী কর্ম কমিশন অনুরোধ জানিয়েছে (কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, মন্ত্রণালয়/বিভাগসহ এর নিয়ন্ত্রাধীন অধিদপ্তর/পরিদপ্তর/অন্যান্য সংস্থার ১ম ও ২য় শ্রেণীর শূন্য পদের সংখ্যা এবং নিয়োগবিধি আগামী ২৫/১০/২০১৬ তারিখের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। চাহিদা পাওয়ার পর তা সরকারী কর্ম কমিশনে প্রেরণ করা হবে।


২৫.০৯.২০১৬
(শাহানারা খাতুন)
উপসচিব
ফোন: ৯৫৭৪০০৭
sasnewappoint@mopa.gov.bd


সিনিয়র সচিব/সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়/বিভাগ।

**অনুলিপি :** সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে।

১। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (এ.পি.ডি.), জনপ্রশাসন মন্ত্রণালয়।
৩। উপসচিব, মাঠ প্রশাসন-১ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
৪। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। অফিস কপি।


নৌ-পরিবহন মন্ত্রণালয় গ্রহণ ও বিতরণ শাখা ডাইরী নম্বর ৬৮০৬ তারিখ ৪/১০/১৬
সচিবের দপ্তর পত্র প্রাপ্তির তারিখ ৫/১০/১৬ অতিরিক্ত সচিব (প্রঃ) অতিরিক্ত সচিব (উঃ) অতিরিক্ত সচিব (বাঃ) সচিবের একান্ত সচিব মন্তব্যঃ
অতিরিক্ত সচিব (প্রঃ) এর দপ্তর ডাইরী নং ৫৬২ তারিখ ৫/১০/১৬
যুগ্ম-সচিব (বাজেট) যুগ্ম-সচিব (প্রশাসন) যুগ্ম-সচিব (টিএ) যুগ্ম-সচিব (মেরিন) যুগ্ম-সচিব (জাহাজ) P.O অতিরিক্ত সচিব
যুগ্ম-সচিব (প্রশাসন) এর দপ্তর নৌ-পরিবহন মন্ত্রণালয় ডাইরী নং ২২১৮ তারিখ ৬/১০/১৬
উপ-সচিব (প্রঃ) এর দপ্তর নৌ-পরিবহন মন্ত্রণালয় ডাইরী নং ৫৫২৫ তারিখ ৬/১০/১৬

ড. মোহাম্মদ সাদিক
চেয়ারম্যান

বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
ফোন : +৮৮-০২-৯১১৩২৯৩ (অফিস)
ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৬৫৯৮
ই-মেইল : muhammedsadique55@yahoo.com
ওয়েব : www.bpsc.gov.bd

আধা সরকারী পত্র নং-৮০.০০১.০১৮.০১.০০.০০১.২০১৬. ৪৮ তারিখঃ ৩০ আগস্ট ২০১৬

প্রিয় সুহৃদ,

আমার সালাম ও শুভেচ্ছা গ্রহণ করুন।

আপনি অবহিত আছেন যে, সরকারের পক্ষ থেকে জনপ্রশাসনের সকল শূন্য পদে নিয়োগের বিষয়টিতে সর্ব্বোচ্চ গুরুত্বারোপ করে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে ঃ

> **''পাবলিক সার্ভিস কমিশনের সাথে যোগাযোগ করে সব নিয়োগ দ্রুত সম্পন্ন করতে হবে এবং সকল শূন্য পদে জনবল** নিয়োগ ত্বরান্বিত করতে হবে। নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্ন করার জন্য প্রয়োজনে বাংলাদেশ পাবলিক সার্ভিস **কমিশনে একাধিক উইং সৃষ্টি করে শিক্ষক এবং চিকিৎসক নিয়োগের বিষয়টি পরীক্ষা করে দেখতে হবে।''**

সরকারি ঐ নির্দেশনার আলোকে শূন্য পদে জনবল নিয়োগ কার্যক্রম আরও দ্রুত সম্পন্নকরণের স্বার্থে এ কমিশন সময়োপযোগি বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। কমিশন সচিবালয়ের জনবল কাঠামোতে পদসৃজনসহ নিয়োগ কার্যক্রমের প্রতিটি পর্যায়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের প্রচলনের মাধ্যমে নিয়োগ প্রক্রিয়া ত্বরান্বিত করার যাবতীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

এ কমিশনের এসব উদ্যোগ তখনই সফল হবে যখন দ্রুততার সাথে বিভিন্ন মন্ত্রণালয় / বিভাগসমূহের শূন্য পদে জনবল নিয়োগের জন্যে তাদের সার্বিক সহযোগিতা পাওয়া যাবে। সরকারের উপর্যুক্ত নির্দেশনার আলোকে বিভিন্ন মন্ত্রণালয় / বিভাগের শূন্য পদে জনবল নিয়োগ কার্যক্রম দ্রুততর করার নিমিত্ত শূন্য পদে নিয়োগের চাহিদাপত্র দ্রুত প্রেরণে সংশিষ্টদের সহযোগিতা আবশ্যক বিধায় আমি বিভিন্ন মন্ত্রণালয় / বিভাগসমূহের সিনিয়র সচিব / সচিবদের বরাবরে আধা সরকারী পত্র মারফত নিম্নবর্ণিত দুটি বিষয়ে ত্বরিত ব্যবস্থা গ্রহণের জন্যে অনুরোধ করেছি ঃ

ক. বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে নিয়োগযোগ্য সর্বশেষ শূন্য পদের সংখ্যা নিরূপণ করে নিয়োগবিধিসহ জরুরী ভিত্তিতে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনকে অবহিত করা, যাতে **৩৬ তম বিসিএস** এর (যে পরীক্ষা এখন চলমান) মাধ্যমে ক্যাডার পদসমূহের ক্ষেত্রে সর্বশেষ বিদ্যমান শূন্য পদ পূরণ করা যায়,

খ. **৩৫ তম বিসিএস** থেকে ক্যাডার পদে ইতোমধ্যে সুপারিশ চূড়ান্ত করা হয়েছে। ২০১০ সালের নন-ক্যাডার পদে নিয়োগ (বিশেষ) বিধিমালায় ক্যাডার পদে সুপারিশ পাননি এরকম প্রার্থীদের মধ্য থেকে প্রথম শ্রেণীর এবং দ্বিতীয় শ্রেণীর শিক্ষক, প্রশিক্ষক এবং অন্যান্য কর্মকর্তার শূন্য পদের সংখ্যা এবং নিয়োগবিধি বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনে প্রেরণ করা আবশ্যক। এটি করা হলে **৩৫ তম বিসিএস এর উত্তীর্ণ অথচ ক্যাডার পদে সুপারিশ পাননি এরকম প্রার্থীদের** মধ্য থেকে ১ম এবং ২য় শ্রেণীর কর্মকর্তা পদে নিয়োগের সুপারিশ খুব দ্রুত, স্বল্পতম সময়ে করা যাবে।

আমি জানি, সরকারি শূন্য পদ পূরণের ক্ষেত্রে আপনি সতত গুরুত্ব প্রদান করে থাকেন। কাজটি দ্রুত সম্পন্ন করার জন্যে বিভিন্ন মন্ত্রণালয়ের এবং অধীনস্থ দপ্তর / অধিদপ্তর / সংস্থার সংশিষ্ট সকলকে আপনার পক্ষ থেকে একটি জরুরী নির্দেশনা প্রদান করা হলে **৩৬ তম বিসিএস এর মাধ্যমে ক্যাডার পদে এবং ৩৫ তম বিসিএস থেকে প্রথম এবং দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তা নিয়োগের** সুপারিশ প্রদানের নিমিত্ত **সর্বশেষ শূন্য পদের তালিকাসহ অধিযাচন** প্রেরণের বিষয়টি ত্বরান্বিত হবে। এ বিষয়ে আপনার সহযোগিতার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করছি।

সহিত, শুভেচ্ছাসহ

আন্তরিকভাবে আপনার

[ড. মোহাম্মদ সাদিক]

**ড. কামাল আবদুল নাসের চৌধুরী**
সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**নব নিয়োগ শাখা**
ডাইরী নং...২১১...
তারিখঃ........